



# NETAJI SUBHAS OPEN UNIVERSITY

## School of Humanities

*Accredited Grade A by NAAC (First cycle)* Established By Act (W.B. Act (XIX) of 1997 and  
Recognised by U.G.C. Head Office: DD-26, Sector-I, Salt Lake City,  
Kolkata-700064

### 'সপ্তম রবীন্দ্রনাথ ঠাকুর স্মারক বক্তৃতা' : একটি প্রতিবেদন

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় বাৎসরিক যে পাঁচটি স্মারক বক্তৃতার আয়োজন করে থাকে তার অন্যতম একটি মানববিদ্যা অনুষদের দ্বারা আয়োজিত 'রবীন্দ্রনাথ ঠাকুর স্মারক বক্তৃতা'। এই বিশেষ স্মারক বক্তৃতা সূচিত হয় ২০০৯ সালে, এবং সূচক অধিবেশনে প্রধান বক্তা হিসেবে আমন্ত্রিত ছিলেন উইলিয়াম রাডিচে। এরপর থেকে একাদিক্রমে এই বক্তৃতায় আমন্ত্রিত বক্তা হিসেবে বক্তব্য রেখে গেছেন দেশ-বিদেশের সম্মাননীয় বক্তাগণ। এই পরম্পরার অনুগমনেই গত ২২ সেপ্টেম্বর, শুক্রবার ২০২৩ তারিখে বিশ্ববিদ্যালয়ের সুভাষচন্দ্র সভাঘরে আয়োজিত হয় 'সপ্তম রবীন্দ্রনাথ ঠাকুর স্মারক বক্তৃতা'। স্মারক বক্তৃতার সপ্তম অধিবেশনের মূল বক্তা হিসেবে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে আমন্ত্রণ জানানো হয় যাদবপুর বিশ্ববিদ্যালয়ের এমেরিটাস অধ্যাপক ড. সুকান্ত চৌধুরী মহাশয়কে। এই দিনের অধিবেশনে সঞ্চালনার দায়িত্বে ছিলেন বিশ্ববিদ্যালয়ের বাংলা ভাষা ও সাহিত্য বিভাগের সহকারী অধ্যাপক ড. অনামিকা দাস মহাশয়া এবং অধিবেশনের সভাপতিত্ব করেন ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. ইন্দ্রজিৎ লাহিড়ী মহাশয়। উক্ত তারিখে বেলা ৩:০০ থেকে অধিবেশনটি সূচিত হয় নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের বাংলা ভাষা ও সাহিত্য বিভাগের প্রধান তথা মানববিদ্যা অনুষদের অধিকর্তা অধ্যাপক ড. মননকুমার মণ্ডল মহাশয়ের প্রারম্ভিক সম্বাষণের দ্বারা।



অনুষ্ঠানের জন্য উদ্বোধনী সঙ্গীত পরিবেশন করেন বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স বিভাগের সহযোগী অধ্যাপক ড. সৌমেন নন্দী মহাশয়। বক্তৃতামালার অধিবেশনের জন্য আমন্ত্রিত বক্তা অধ্যাপক ড. সুকান্ত চৌধুরী মহাশয় 'কবি ও কম্পিউটার' শিরোনামাঙ্কিত বিষয়ে তথ্য ও তত্ত্বসমৃদ্ধ একটি সুদীর্ঘ বক্তব্য রাখেন। ১ ঘন্টা ৩০ মিনিট ব্যাপী এই স্মারক বক্তৃতাটিতে উপস্থিত ছিলেন আমন্ত্রিত বহু গুণীজন। অধ্যাপক চৌধুরীর

তথ্যনিষ্ঠ বক্তব্যটি সমাপনের শেষে সভাপতির ভাষণ রাখেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত অধ্যাপক ড. ইন্দ্ৰজিৎ লাহিড়ী মহাশয়। অধিবেশনের উপান্তে বিশ্ববিদ্যালয়ের নিবন্ধক অধ্যাপক ড. অসিতবরণ আইচ মহাশয় আলোচিত বিষয় ও বক্তৃতার অনুগামী তাঁর মূল্যবান বক্তব্য রাখেন। 'রবীন্দ্রনাথ ঠাকুর স্মারক বক্তৃতা'-র এই সপ্তম অধিবেশনটি সঞ্চালনার দায়িত্বে থাকা ড. অনামিকা দাসের দ্বারা আমন্ত্রিত বক্তা এবং উপস্থিত দর্শকদের প্রতি ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সমাপ্ত হয় বিকেল ৪:৫৫ মিনিটে।



## **Rabindranath Tagore Memorial Lecture : Seventh Session**

### **A Brief Report**

Every year Netaji Subhas Open University tries to organize five commemorative lectures, one of them is 'Rabindranath Tagore Memorial Lecture' which organizes the School of Humanities, NSOU. This specific memorial lecture was started in 2009, and the first invited speaker for the very first session of the lecture was William Radice. Since then distinguished speakers both from state and abroad have been delivering their speeches as invited speakers in this memorial lecture. The seventh session of this commemorative lecture was organized at Subhas Chandra Auditorium of the University, on September 22<sup>nd</sup>, Friday 2023 from 3:00 PM onwards. Emeritus Professor Dr. Sukanta Chowdhury from Jadavpur University was invited as the speaker for the seventh session of the lecture. The session was conducted by Dr. Anamika Das, assistant professor of Department of Bengali, NSOU, and the chairman of the mentioned session was VC in charge of the University Professor Dr. Indrajit Lahiri.



At the above-mentioned date and time the session was started by the inaugural speech of the Respected Director of School of Humanities Professor Dr. Manan Kr. Mandal. Immediately after completion of Professor Mandal's speech an inaugural song was presented by Dr. Soumen Nandi, Associate Professor of Computer Science Department, and after that the invited speaker Dr. Chowdhury delivered his precious lecture on 'কবি ও কম্পিউটার'. A group of accomplished listeners was present in the lecture which lasted proximately for one hour and thirty minutes. After completion of the speaker's speech, a brief yet meaningful lecture was delivered by the respected chairman. And another meaningful lecture was delivered by Dr. Asit Baran Aich, the Registrar of the University.



The Seventh Session of the 'Rabindranath Tagore Memorial Lecture' which started at 3:00 PM ended with the thanks giving note by Dr. Anamika Das at 4:55 PM.

Dr. Prapti Chakraborty  
Assistant Professor (FTC)  
Department of Bengali, NSOU.

Sd/-  
Professor Manan Kumar Mandal  
Director, School of Humanities  
Netaji Subhas Open University